

3 (Sem-3/CBCS) BEN-SE

2 0 2 2

BENGALI

(Skill Enhancement Course)

Paper : BEN-SE-3014

(পাণ্ডুলিপি প্রস্তুতি)

Full Marks : 50

Time : 2 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৪=৪

- (ক) ওয়ার্ড ডকুমেন্টের কোন্ কমান্ড গ্রুপে 'ফন্ট' নির্ধারণ করা যায় ?
- (খ) পাণ্ডুলিপি লেখার প্রথম পর্যায় বা স্তর কোনটি ?
- (গ) “একটি নাটকের পাণ্ডুলিপি নির্মাণে দ্বন্দ্ববহুল নাটকীয় ঘটনার বর্ণনা থাকা প্রয়োজন।” এই মন্তব্যটি অশুদ্ধ না শুদ্ধ, লেখো।
- (ঘ) গ্রন্থকার-কাল পদ্ধতিতে কোন্ বন্ধনী ব্যবহার করে গ্রন্থকার ও প্রকাশকালের উল্লেখ করা হয় ?
- (ঙ) পাদটীকা বা নিদেশিকা পদ্ধতিতে উৎস পরিচায়ক তথ্য গঠনে আদর্শ মৌলিক শৃঙ্খলার প্রথম উল্লেখটিতে কী থাকে ?

- (চ) অ্যাডোব পেজমেকার কোন্ বছরে বাজারে প্রচলিত হয় ?
- (ছ) সাধারণ অবস্থায় প্রশ্নচিহ্নটিকে কোন্ ধরনের বিরামচিহ্ন বলা হয় ?
- (জ) মাইক্রোসফট ওয়ার্ড ডকুমেন্টের রিবনে অবস্থিত কোন্ ট্যাব ব্যবহার করে পেজ সেটআপ, প্যারাগ্রাফ সেটিং করা যায় ?

২। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৩=৬

- (ক) মাইক্রোসফট ওয়ার্ড ফাইলে নতুন পাতা, ছবি, টেবিল জুড়তে হলে রিবনের কোন্ কোন্ ট্যাব ব্যবহার করতে হয় ?
- (খ) একটি পেজমেকার ডকুমেন্টে কোন্ দুটি key ব্যবহার করে বুলেট চিহ্নটি দেওয়া যায় ?
- (গ) যে কোনো দুটি আভ্যন্তরীণ বিরামচিহ্নের নাম লেখো।
- (ঘ) উপযুক্ত বিরামচিহ্ন বসিয়ে নিচে উল্লিখিত বাক্য দুটি সম্পূর্ণ করো :
- (১) সকাল ১১ ৪৫ মিনিট
- (২) সে বলল রাতে এখানে মেছোভূতেরা আসে
- (ঙ) আন্তর্জাতিকভাবে স্বীকৃত দুটি স্টাইল ম্যানুয়ালের নাম লেখো।
- (চ) পাণ্ডুলিপি তৈরি করতে গিয়ে editing বা সম্পাদনা পর্বটি যে দুটি পর্যায়ে করা হয় তাদের নাম লেখো।

৩। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

- (ক) পাণ্ডুলিপি প্রস্তুতির চিত্তন পর্যায়ের অন্তর্গত রূপবিন্যাস পর্বে লেখকের দায়িত্ব কী কী তা সবিস্তারে আলোচনা করো।
- (খ) তথ্যসূত্র নির্মাণে সংখ্যা-সংযোগ পদ্ধতি কীভাবে কাজ করে তা উদাহরণসহ লেখো।
- (গ) পেজমেকারের নিম্নলিখিত যে কোনো দুটি টুল (tool)-এর কাজ কী তা ছবি এঁকে দেখাও :
- (১) পয়েন্টার টুল
- (২) টেক্সট টুল
- (৩) লাইন টুল
- (৪) হ্যান্ড টুল
- (ঘ) মাইক্রোসফট ওয়ার্ড ডকুমেন্টের রিবন অংশে অবস্থিত নিম্নলিখিত যে কোনো দুটি ট্যাবের কাজ কী তা লেখো :
- (১) ইনসার্ট (insert)
- (২) পেজ লে-আউট (page layout)
- (৩) রিভিউ (review)
- (ঙ) উল্লেখ সূত্রের সংক্ষিপ্তকরণে কখন 'তদেব', 'এই', 'পূর্বোক্ত' সঙ্কেত তিনটি লেখা হয় তা উদাহরণ দিয়ে দেখাও।
- (চ) পেজ সেটআপ কাকে বলে? মাইক্রোসফট ওয়ার্ডের অন্তর্গত এই কমান্ড গ্রুপে কতগুলো বাটন থাকে? 'মার্জিন' অথবা 'কলাম' বাটন দিয়ে পেজে যে কাজ করা যায় সে সম্পর্কে লেখো। ২+১+২=৫

৪। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

- (ক) পাণ্ডুলিপি প্রস্তুতির খসড়া লেখন এবং প্রফ সংশোধন পর্যায় সম্বন্ধে যা জানো লেখো।
- (খ) পাদটীকা ও নিদেশিকা পদ্ধতিতে কীভাবে উল্লেখ সূত্র ও গ্রন্থপঞ্জি নির্মাণ করা হয় তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।
- (গ) বিরামচিহ্ন কাকে বলে? প্রকৃতি অনুযায়ী বিরামচিহ্ন কত প্রকার ও কী কী? কোলন ও দাঁড়ি চিহ্নের ব্যবহার সম্বন্ধে উদাহরণসহ আলোচনা করো। ২+২+৬=১০.
- (ঘ) বিভিন্ন উদ্ধৃতি চিহ্ন ব্যবহারের বৈচিত্র্যগুলো উদাহরণসহ উল্লেখ করো।
- (ঙ) মাইক্রোসফট ওয়ার্ডে একাধিক পদ্ধতি ব্যবহার করে কীভাবে একটি নতুন ডকুমেন্টে টেবিল সংযোজন করা যায় তা দেখিয়ে দাও।
- (চ) মাইক্রোসফট ওয়ার্ড ডকুমেন্টে text format করা বলতে কী বোঝায়? কোন কমান্ড গ্রুপের বাটন ব্যবহার করে formatting-এর কাজ করা যায়? এই কমান্ড গ্রুপের বিভিন্ন বাটনের কাজ সম্বন্ধে যা জানো লেখো। ৩+১+৬=১০
- (ছ) পেজমেকারের ফাইল মেনু থেকে যে কোনো পাঁচটি কমান্ড কীভাবে কাজ করে তা আলোচনা করো।
- (জ) পেজমেকারে printer style নির্ধারণ, edit ও remove করা এবং publication print করার বিভিন্ন পদক্ষেপগুলো সম্পর্কে যা জানো লেখো।
